বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৭৯ তারিখঃ ১১ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮০৪ তম কমিশন সভা অদ্য ২৬/১২/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, মার্জিন ঋণ সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত Z ক্যাটাগরির কোন সিকিউরিটি ক্রয়ের জন্য মার্জিন ঋণ প্রদান করা যাবে না;
- স্টক এক্সচেঞ্জে নতুন তালিকাভুক্ত কোন সিকিউরিটি ক্রয়ের জন্য উহা তালিকাভুক্তির তারিখ হতে প্রথম ত্রিশ ট্রেডিং দিবস কোন মার্জিন ঋণ প্রদান করা যাবে না;
- Z ক্যাটাগরি সিকিউরিটি ব্যতীত বিদ্যমান কোন তালিকাভুক্ত সিকিউরিটির ক্যাটাগরি পরিবর্তনের ক্ষেত্রে মার্জিন ঋণ প্রদানে কোন বাধা থাকবে না। তবে শর্ত থাকে যে, তালিকাভুক্ত কোন সিকিউরিটি Z ক্যাটাগরি হতে উচ্চতর কোন ক্যাটাগরিতে পরিবর্তনের ক্ষেত্রে ক্যাটাগরি পরিবর্তনের তারিখ হতে প্রথম ০৭ (সাত) ট্রেডিং দিবস পর্যন্ত উক্ত সিকিউরিটি ক্রয়ের জন্য মার্জিন ঋণ প্রদান করা যাবে না।

০২. কমিশন অদ্যকার সভায়, Meghna Bank Limited এর ২০০ (দুইশত) কোটি টাকার Non-Convertible, Fully Redeemable, Coupon bearing sub-ordinated bond এর প্রস্তাব অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বন্ডটির ২০০ (দুই শত) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১,০০,০০,০০০ (এক কোটি) টাকা। বন্ডটির কুপন হার ৭% (Floor) থেকে ৯% (Ceiling) যা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Meghna Bank Limited এর Additional Tier-II মূলধনের ভিত্তি শক্তিশালী করবে।

০৩. কমিশন অদ্যকার সভায়, Southeast Bank Limited এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Non-Convertible Unsecured Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বন্ডটির ৫০০ (পাঁচশত) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১,০০,০০,০০০ (এক কোটি) টাকা। বন্ডটির কুপন হার ৭% (Floor) থেকে ৯% (Ceiling) যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, কর্পোরেট প্রতিষ্ঠান সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Southeast Bank Limited এর Additional Tier-II মূলধনের ভিত্তি শক্তিশালী করবে।

০৪. কমিশন অদ্যকার সভায়, বিনিয়োগকারীদের স্বার্থে এবং Rule 4(2)(c)(ii) of Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে Refixing minimum amount by each bidder for the bidding of JMI Hospital Requisite Mfg. Ltd সংক্রান্ত বিষয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জের আবেদনের প্রেক্ষিতে উক্ত কোম্পানির বিডিং এ যোগ্য বিনিয়োগকারীদের সর্বনিম্ন আবেদনসীমা ৫০ (পঞ্চাশ) লক্ষ হতে ২০ (বিশ) লক্ষ টাকায় নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

26-12-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd